যে সকল পানীয় নেশা সৃষ্টি করে, তা হারাম।

‘আয়িশাহ রাদয়িাল্লাহু আনহা হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে সকল পানীয় নেশা সৃষ্টি করে, তা হারাম। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মধুর পানীয় মদ সম্পর্কে জিজ্ঞেস করা হলে, তিনি একটি সামগ্রিক ও ব্যাপক উত্তর দেন। যার সারমর্ম হলো নামের ভিন্নতার কোন গুরুত্ব নাই যতক্ষণ পর্যন্ত তার উদ্দেশ্য ও বাস্তবতা এক হবে। সুতরাং যে সকল পানীয় নেশা সৃষ্টি করে, তাই মদ, হারাম। যেখান থেকেই তা নেওয়া হোক। এটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অল্প শব্দে অনেক অর্থবোধক বাক্যসমূহের একটি বাক্য এবং স্বীয় রবের পক্ষ থেকে তার সুন্দর বর্ণনা। এ কারণেই তার আগমনের সময় এমন ইলমের আর্বিভাব হয় যা দুনিয়া ও আখিরাতে মানবতার জন্য কল্যাণকর ছিল।

http://sunnah.global/hadeeth/bn/show/2952